



হিসাব পরিচালকের দপ্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

সংশোধিত বিজ্ঞপ্তি



(“শিক্ষার্থীদের Softloan” প্রদান প্রস্তুত)

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরী কমিশন এর নীতিমালা ২০২০ এর আলোকে করোনা মহামারীর (কোভিড-১৯) কারণে উদ্ভৃত পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে Online শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের সুদবিহীন খণ্ডের আওতায় Android Device/Smartphone ক্রয়ের জন্য খুব প্রদানের নিমিত্তে নিম্নে উল্লেখিত শর্তাবলীমে বিভাগ/ইনসিটিউট এবং মাধ্যমে আবেদনকৃত শিক্ষার্থীদেরকে ২০/০৬/২০২১ তারিখ এর মধ্যে তথ্য সরবরাহের জন্য অনুরোধ করা যাচ্ছে।

- ১। ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত অস্বচ্ছল শিক্ষার্থী যাদের নাম “শিক্ষার্থীদের Softloan” তালিকায় অর্ডার্ভুক্ত আছে কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- ২। খণ্ডের সর্বোচ্চ সিলিং ৮,০০০/- (আট হাজার) টাকা, যাহা সুদমুক্ত। উক্ত টাকা সংশ্লিষ্ট শিক্ষার্থীর ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করা হবে।
- ৩। শিক্ষার্থীদের সোনালী ব্যাংক লিঃ/ জনতা ব্যাংক লিঃ/ অঞ্চলী ব্যাংকসহ বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকের যেকোন শাখায় নিজ নামে ব্যাংক একাউন্ট খুলতে পারবেন। তবে যাদের ব্যাংক একাউন্ট নেই তারা বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকের যেকোন শাখায় ব্যাংক একাউন্ট খুলতে পারবেন। উল্লেখ্য যে, সোনালী ব্যাংক লিঃ এর হিসাব খোলার জন্য একটি Sonali eSheba অ্যাপস রয়েছে যার মাধ্যমে শিক্ষার্থীরা খুব সহজেই কোন রকম চার্জ ব্যৱস্থাপন করতে পারবেন।
- ৪। ২০/০৬/২০২১ ইং তারিখের মধ্যে “শিক্ষার্থীদের Softloan” তালিকায় নির্বক্ষিত শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.du.ac.bd এর অর্ডার্ভুক্ত Du Forms এর অন্তর্ভুক্ত “শিক্ষার্থীদের Softloan” নামক আবেদন ফরম ডাউনলোড করে প্রাপ্তের পর স্ব স্ব বিভাগ/ ইনসিটিউট এর চেয়ারম্যান/পরিচালকের নিকট প্রেরণ করতে হবে। আবেদন ফরম প্রেরনের বিষয়ে নিজ নিজ বিভাগ/ইনসিটিউট এ যোগাযোগ করার জন্য শিক্ষার্থীদের অনুরোধ করা যাচ্ছে।
- ৫। সংশ্লিষ্ট শিক্ষার্থীকে Android Device/Smartphone ক্রয়ের ভাউচারটি বিভাগ/ইনসিটিউট এ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। বিভাগ কর্তৃক ভাউচারগুলি একটীকরণ করে “Softloan অনুমোদন কমিটি”র সদস্য-সচিব উপ-হিসাব পরিচালক(লোন) কক্ষ নং ১২৩/ক, প্রশাসনিক ভবন এ জমা দিতে হবে।
- ৬। খণ্ডের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালীন সময়ে এককালীন অথবা সর্বোচ্চ ৪টি সমান কিস্তিতে হিসাবে শিরোনাম “শিক্ষার্থীদের Softloan” হিসাব নং ৪৪০৫৭০২০০১১৯৪ সোনালী ব্যাংক লিঃ, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় পরিশোধ করতে হবে। (জয়ার বশিদ কক্ষ নং ১২৩/ক, উপ-হিসাব পরিচালক(লোন) প্রশাসনিক ভবন এ জমা দিতে হবে।
- ৭। খণ্ডের সম্পূর্ণ অর্থ ফেরৎ না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রাঙ্কিংট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা হবে না।

হিসাব পরিচালক (চার্জহোল্ডের)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখ: ২৭/০৬/২০২১ ইং

নং ২০২১/১৫ হিস: (লোন)

অবগতি ও প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরিত করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)
- ২। সকল হলের প্রাধ্যক্ষ/প্রাধ্যক্ষা, ঢাকা বিশ্ববিদ্যালয়। (অবহিত করার জন্য)
- ৩। পরিচালক, সকল ইনসিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)
- ৪। সকল বিভাগীয় প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)
- ৫। সকল প্রতিষ্ঠান প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়। (ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)